



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

মহাসড়ক ও সেতু মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত

সমঝোতা স্মারক

জুলাই ১, ২০১৫- জুন ৩০, ২০১৬

---

## সূচীপত্র

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটিএ (বিআরটিএ) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১: বিআরটিএ'র রূপকল্প, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী

সেকশন-২: বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্যসমূহ, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর, সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

## বিআরটিএ'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### (Overview of the performance of BRTA)

#### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

##### সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জন

ডিজিটাল, টেকসই পরিবেশ বান্ধব, শাস্রয়ী ও আরামদায়ক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিআরটিএ নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। বিগত ২ (দুই) অর্থ বছরে এ অথরিটি কর্তৃক ৩ লক্ষ ৩১ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন, ১০ লক্ষ ১০ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট, ৪ লক্ষ ২৪ হাজার স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন এবং ৪ লক্ষ ৯১ হাজার মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন (আরএফআইডি) ট্যাগ সংযোজন করা হয়েছে। মোটরযান সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের মাধ্যমে মোট ২ হাজার ১৪ কোটি টাকার রাজস্ব আদায় করা হয়েছে। সড়ক নিরাপত্তা জোরদারকরণের উদ্দেশ্যে গত ২ অর্থ বছরে মোট ৪২ হাজার পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা বিষয়ে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া গত ২ অর্থ বছরে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে মোট ১১৫টি সভা ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে এবং সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক ১১ লক্ষ ৪২ হাজার স্টিকার ও লিফলেট বিতরণ করা হয়েছে। ত্রুটিপূর্ণ এবং ফিটনেস ও রেজিস্ট্রেশনবিহীন মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ অথরিটির ম্যাজিস্ট্রেটসহ জেলা প্রশাসনের ম্যাজিস্ট্রেটবৃন্দের মাধ্যমে বিগত ২ অর্থ বছরে মোট ৩১ হাজার ৭৮৭ টি ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়েছে।

##### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

মোটরযান ব্যবস্থাপনায় ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে বিগত ৩১ অক্টোবর ২০১২ সনে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হলেও গণসচেতনার অভাবে প্রায় ৩০ শতাংশ গাড়িতে নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন করা সম্ভব হয়নি।

##### ভবিষ্যৎ পরিকল্পনা

দেশে মানসম্পন্ন ড্রাইভার সৃষ্টি ও সড়ক নিরাপত্তা পরিস্থিতির উন্নয়নকল্পে আগামী ৫ (পাঁচ) বছরে ঢাকাসহ সকল বিভাগীয় শহরে মোটর ড্রাইভিং ট্রেনিং এন্ড টেস্টিং সেন্টার নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। বিআরটিএ প্রদেয় বিভিন্ন সেবার ডাটাসমূহ নিরাপদে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে আগামী বছরের মধ্যে বিআরটিএতে একটি আন্তর্জাতিক মানসম্পন্ন ডাটা সেন্টার স্থাপন করা হবে। এছাড়া সমন্বিত ডাটাসেন্টার ও ওয়েব পোর্টাল সিস্টেমের মাধ্যমে সেবা অন-লাইনে প্রদানের সুযোগ সৃষ্টি করা হবে যাতে গ্রাহক ঘরে বসেই কতিপয় সেবা গ্রহণ করতে সক্ষম হবেন।

##### ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ১ লক্ষ ৯০ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান;
- ৫ লক্ষ ৫০ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান;
- ২ লক্ষ ২০ হাজার স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন;
- ২ লক্ষ ২৫ হাজার গাড়িতে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন;
- ১,০৮০ কোটি টাকার মোটরযান কর ও ফি আদায়;
- ২৫ হাজার পেশাদার মোটরযান চালককে প্রশিক্ষণ প্রদান;
- ২৪ হাজার টি ভ্রাম্যমান আদালত পরিচালনা;
- সড়ক নিরাপত্তা বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৬০টি সভা ও সেমিনার অনুষ্ঠান ও ৬ লক্ষ ৬২ হাজার লিফলেট বিতরণ

## উপক্রমণিকা (Preamble)

চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর মধ্যে ২০১৫ সনের ১৪ অক্টোবর তারিখে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হ'ল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১:

বিআরটিএ'র রূপকল্প (Mission), অভিলক্ষ্য(Vision), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প(Vision)

একটি ডিজিটাল ও টেকসই সড়ক পরিবহন ব্যবস্থা

### ১.২ অভিলক্ষ্য(Mission)

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি ডিজিটাল সমৃদ্ধ, টেকসই, পরিবেশ বান্ধব, শাস্রয়ী ও আরামদায়ক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)

#### ১.৩.১ বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ
২. সড়ক নিরাপত্তা জোরদারকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলী (Functions)

- মোটরযান রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান করা
- মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান করা
- স্মার্ট কার্ড ডাইভিং লাইসেন্স প্রদান করা
- মোটরযানের কর ও ফি আদায় করা
- মোটরযানে রেডো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন করা
- পরিবহনযানের রুট পারমিট প্রদান করা
- ড্রাইভারদের প্রশিক্ষণ প্রদান
- জন সচেতনতা সৃষ্টি

## সেকশন ২

বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল	একক	ভিত্তি বছর ২০১৩-১৪	প্রকৃত অর্জন ২০১৪-১৫	লক্ষ্যমাত্রা ২০১৫-১৬	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসমূহ
						২০১৬-১৭	২০১৭- ১৮		
সড়ক দুর্ঘটনা হ্রাস	হ্রাসকৃত সড়ক দুর্ঘটনা	সংখ্যা	২০০১	১৭৪২	১৬০৩	১৪৭৭	১৩৬৭	বাংলাদেশ পুলিশ সড়ক ও জনপথ অধিদপ্তর	9 <sup>th</sup> Road Saftey Action Plan

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-১৪	প্রকৃত অর্জন ২০১৪-১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬					প্রক্ষেপণ ২০১৬-১৭	প্রক্ষেপণ ২০১৭-১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন, সম্প্রসারণ ও পরিচালনা	৬৫	[১.১] মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু	[১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	১২	১.৫১	১.৮০	১.৯০	১.৮৮	১.৮৫	১.৮২	১.৮০	১.৬০	১.৭০
		[১.২] সড়ক যানবাহননের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন	[১.২.১] ইস্যু ও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	১২	৫.০৬	৫.০৪	৫.৫০	৫.৪৫	৫.৪০	৫.৩০	৫.২৫	৫.০০	৫.১০
		[১.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু এবং নবায়ন	[১.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স	সংখ্যা (লক্ষ)	১০	১.৪৬	১.৪৭	১.৫০	১.৪৮	১.৪৫	১.৪৩	১.৪০	১.৭০	১.৭৫
			[১.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স	সংখ্যা (লক্ষ)	৭	০.৬৪	০.৬৭	০.৭০	০.৬৮	০.৬৫	০.৬৩	০.৬২	০.৬৫	০.৭০
		[১.৪] মোটরযান কর ও ফি আদায়	[১.৪.১] সংগৃহীত রাজস্ব	পরিমাণ (কোটি টাকা)	১২	৯৫২	১০৬২	১০৮০	১০৭৫	১০৭০	১০৬৫	১০৬২	১১০০	১১৫০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-১৪	প্রকৃত অর্জন ২০১৪-১৫	লক্ষমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬					প্রক্ষেপণ ২০১৬-১৭	প্রক্ষেপণ ২০১৭-১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
		[১.৫] মোটরযানে রেড্রোরিক্লেস্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন	[১.৫.১] রেড্রোরিক্লেস্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজিত যানবাহন	সংখ্যা (লক্ষ)	১২	২.৭০	২.২১	২.২৫	২.২৪	২.২৩	২.২২	২.২১	১.৮০	১.৫০
[২] সড়ক নিরাপত্তা জোরদারকরণ	৫	[২.১] ড্রাইভারদের প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার ড্রাইভার	সংখ্যা	৫	২৪০০০	১৮০০০	২৫০০০	২৪৭৫০	২৪৫০০	২৪২৫০	২৪০০০	২০০০০	২৫০০০
	১৫	২.২ জনসচেতনতা সৃষ্টি	[২.২.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা)	সংখ্যা	৫	৮৫৬১	২৩২০৬	২৪০০০	২৩৫০০	২৩০০০	২২০০০	২১০০০	২৪০০০	২৫০০০
			[২.২.২] অনুষ্ঠিত সভা ও সেমিনার	সংখ্যা	৫	৬০	৫৫	৬০	৫৮	৫৭	৫৬	৫৫	৬৫	৭০
			[২.২.৩] বিতরণকৃত লিফলেট ও পোস্টার	সংখ্যা (লক্ষ)	৫	৪.৬	৬.৮২	৬.৮২	৬.৫০	৬.২৫	৬.০০	৫.৫০	৭.০০	৭.৫০



আমি, চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সচিবের নিকট অঞ্জিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সচিব, চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি- এর নিকট অঞ্জিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



চেয়ারম্যান  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

০৪/০৮/২০১৫

তারিখ:



সচিব  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

০৪.০৮.২০১৫

তারিখ:

শব্দ সংক্ষেপ

ক্রম	শব্দ সংক্ষেপ	বিবরণ
১	বিআরটিএ	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
২	আরএফআইডি	রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি ও উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[১.১] মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু	[১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট	ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড যার উভয় পার্শ্বে গাড়ি ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার মুদ্রিত থাকে।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	বিআরটিএ ইনফরমেশন সিস্টেম ও ইলেক্ট্রনিক ভেহিকেল রেজিস্ট্রেশন সিস্টেম	
[১.২] সড়ক যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন	[১.২.১] ইস্যু ও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট	মোটরযানের রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। মোটরযান পরিদর্শন সাপেক্ষে প্রতি বছর এই সার্টিফিকেট নবায়ন করা হয়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	বিআরটিএ ইনফরমেশন সিস্টেম	
[১.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু এবং নবায়ন	[১.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স	সড়ক, মহাসড়ক ও জনসাধারণের ব্যবহার্য স্থানে বৈধভাবে মোটরযান চালনার সনদ হিসেবে ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সিস্টেম	
	[১.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স	পেশাদার লাইসেন্স ৫ বছর এবং অপেশাদার লাইসেন্স ১০ বছর পর পর নবায়ন করা হয়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সিস্টেম	
[১.৪] মোটরযান কর ও ফি আদায়	[১.৪.১] সংগৃহীত রাজস্ব	মোটরযান ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের জন্য আদায়কৃত রাজস্ব	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	কালেকশন অব এমভি ট্যাক্স এন্ড ফি সিস্টেম	
[১.৫] মোটরযানে রেড্রোরিস্কলিভ নাস্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন	[১.৫.১] রেড্রোরিস্কলিভ নাস্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজিত যানবাহন	আইএসও ৭৫৯১ মানের অ্যালুমিনিয়াম শংকর ধাতু ব্যবহার করে এমবোজডকৃত ও সিকিউরিটি হলোগ্রামযুক্ত রেড্রো-রিস্কলিভ রেজিস্ট্রেশন নাস্বারপ্লেট ও মোটরযানের গতিবিধি পযবেক্ষণের নিমিত্ত গাড়ির উইন্ডশিল্ডে আরএফআইডি ট্যাগ সংযোজন।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	ইলেক্ট্রনিক ভেহিকেল রেজিস্ট্রেশন ও ইলেক্ট্রনিক ভেহিকেল আইডেনটিফিকেশন সিস্টেম	

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমানপ গন্ধতি-এর বিবরণ

[২.১] ডাইভারদের প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার ডাইভার	পেশাদার গাড়ি চালকদের দক্ষতা ও সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদান।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন	
২.২ জনসচেতনতা সৃষ্টি	[২.২.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা)	সড়ক পরিবহন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন	
	[২.২.২] অনুষ্ঠিত সভা ও সেমিনার	সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন	
	[২.২.৩] বিতরণকৃত লিফলেট ও পোস্টার	সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও পোস্টার বিতরণ।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন	